# আকাশবাণীশিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**01AUGUST 2025** **7:45—7:55 PM IST**

==================================================

১) ড.ভূপেন হাজারিকার জন্ম শতবার্ষিকী উদযাপনের অংশ হিসেবে মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার একটি পোর্টেলের উদ্বোধন ।

২) আসাম বিশ্ববিদ্যালয় ও তেজপুর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা এবার নিযুত মইনা প্রকল্পের সুবিধা লাভ করবে বলে মুখ্যমন্ত্রীর ঘোষণা ।

৩) আসাম বিশ্ববিদ্যালয় এবং যোরহাটের টোকলাই চা গবেষণা কেন্দ্রের মধ্যে চা গবেষণার ওপর এক চুক্তি স্বাক্ষরিত ।

এবং

৪) কাছাড় জেলা সড়ক সুরক্ষা কমিটির উদ্যোগে আজ থেকে মাসব্যাপী সড়ক সুরক্ষা সচেতনতা অভিযানের সূচনা ।

--------------------------------------------------------------------------------

ড: ভূপেন হাজারিকা বছরব্যাপী জন্ম শতবার্ষিকী উদযাপনের অংশ হিসেবে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ লোকসেবা ভবনে আনুষ্ঠানিকভাবে একটি পোর্টেলের উদ্ভোধন করেন । ড: শর্মা পোর্টেল খোলার আগে সাংবাদিকদের জানান যে আগামী ৫ ই সেপ্টেম্বর খানাপারা পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে বিকেল সাড়ে ৫ টায় অনুষ্ঠেয় ভূপেন হাজারিকার জন্ম শতবার্ষিকীর উদ্ভোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন । এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বেশ কয়েকটি ভাষায় লেখা ভূপেন হাজারিকার স্মৃতিতে একটি মুদ্রা প্রকাশ করবেন বলে মুখ্যমন্ত্রী ড: শর্মা জানান । উদ্ভোধনী অনুষ্ঠানে এক হাজার শিল্পী ড: ভূপেন হাজারিকার বেশ কয়েকটি গানের একটি করে অন্তরা অসমীয়া , বাংলা ও হিন্দী ভাষায় পরিবেশন করবে । এর জন্য প্রতিটি কলেজের শ্রেষ্ঠ

কণ্ঠশিল্পীদের আমন্ত্রন জানানো হবে । প্রধানমন্ত্রী শ্রী মোদী এই সফরে দরং জেলার তিনটি প্রকল্পের উদ্ভোধন করা সহ গৌহাটী রিং রোডের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন বলে মুখ্যমন্ত্রী জানান ।সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী ২৯ শে আগষ্ট  কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আসাম সফরে এসে নতুন রাজভবনের উদ্ভোধন করবেন বলে জানান । অরুনোদয়  প্রকল্প সম্পর্কে মুখ্যমন্ত্রী ড: শর্মা বলেন যে আগামী ১৭ সেপ্টেম্বর অরুণোদয় প্রকল্পের তৃতীয় সংস্করণের উদ্বোধন করা হবে ।প্রকল্পটির দ্বিতীয় সংস্করণে ২৮ লক্ষ লোক প্রকল্পটির সুবিধা লাভ করেছেন এবং তৃতীয় সংস্করণে ৪০ লক্ষের ও বেশী হিতাধিকারী এই প্রকল্পে অর্ন্তভূক্ত হবে বলে তিনি জানান। এর মধ্যে ৬ লক্ষ হিতাধিকারী বি টি আরের । অরুণোদয় হিতাধিকারীরা রন্ধন গ্যাসে ২২৫ টাকা করে রেহাই পাবে বলে মুখ্যমন্ত্রী সাংবাদিকদের জানান ।মুখ্যমন্ত্রী আরো জানান আগামী ৬ ই আগষ্ট নিযুত মইনা প্রকল্পের প্র- পত্র বিতরণ করা হবে । জানান এবার তেজপুর ও আসাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা নিযুত মইনা প্রকল্পের সুবিধা লাভ করবে বলে মুখ্যমন্ত্রী ঘোষণা করেন।

---

রাজ্যে জুন মাসে চা এর উৎপাদন ১২ শতাংশ হ্রাস পেয়েছে । বৃষ্টির পরিমাণ হ্রাস পাওয়ার জন্য উৎপাদন হ্রাস পেয়েছে বলে জানানো হয়েছে । ভারতীয় চা সংস্থার আসাম শাখার সচিব মাধুর্য বরুয়া গতকাল বলেছেন যে জুলাই এ রাজ্যে বৃষ্টির পরিমাণ স্বাভাবিকের ৩০ থেকে ৪০ শতাংশ হ্রাস পেয়েছে। এর  ফলে আগামীতে চা এর উৎপাদন হ্রাস পাওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে । ভারতীয় চা পর্ষদের অধক্ষ্য সর্বেশ শহরীয়া চা শিল্পের জন্য পরিস্থিতি উদ্বেগজনক হয়ে পড়েছে বলে জানিয়েছেন । অধিক চা উৎপাদন হোয়া আপার আসামের পানীতোলা , টেঙাখাত  ও দুমদুমার মতো এলাকাগুলিতে খরার মতো পরিস্থিতির সৃষ্টি হয়েছে । এর ফলে চা উৎপাদনে বাধার সৃষ্টি হচ্ছে । বৃষ্টির পরিমাণ হ্রাস পাওয়া সহ দিন ও রাতের তাপমাত্রার জন্য ও এধরণের সমস্যার সৃষ্টি হয়েছে বলে তিনি জানান ।

---

ভারত বাংলাদেশ সীমান্তের কাটিগড়ার কিন্নরখালে কাঁটা তারের বেড়ার কাজে ব্যবহৃত সামগ্রী চুরি করে নিয়ে যাওয়ার সময় বাধা দিলে বাংলাদেশের একটি দুষ্কৃতীকারী দলের দলবদ্ধ আক্রমণে সীমান্তে কর্তব্যরত একজন বি এস এফ জোয়ান সহ দুই জন ভারতীয় নাগরিক গুরুতবভাবে আহত হয়েছেন । উল্লেখ্য গতকাল বিকেলে বাংলাদেশ থেকে অবৈধভাবে দুইজন যুবক ভারতীয় সীমান্তের এপারে ঢুকে কাটা তারের বেড়ার কাজে ব্যবহৃত সামগ্রী চুরি করে নিয়ে যাওয়ার সময় বি এস এফ জোয়ান তাদেরকে আটক করার জন্য এগিয়ে গেলে হঠাৎ ৮  / ১০ জনের এক দূষ্কৃতকারীর দল বি এস এফ জোয়ানের ওপর আক্রমণ চালায় । দুই ভারতীয়

নাগরিক সেখানে বাধা দিতে গেলে তাদেরকেও আক্রমণ করা হয় । কাটিগড়ার মডেল হাসপাতালে তাদের চিকিৎসা চলছে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেলের পক্ষ থেকে রেলওয়ে হেল্প লাইন ১৩৯ এবং রেলমদদ পোর্টালের মাধ্যমে রেল যাত্রীদের বিভিন্ন অভিযোগ নিষ্পত্তির কাজ প্রতিনিয়ত করা হচ্ছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে ২০২৪-২৫ সালের সময়কালে উত্তর-পূর্ব সীমান্ত রেলের দ্বারা রেকর্ড সংখ্যক এক লক্ষ ৭৯ হাজার অভিযোগের নিষ্পত্তি করা হয়েছে । এর মধ্যে রেলমদদ প্ল্যাটফর্মের মাধ্যমে চার হাজার চারশ ৮৭ জন যাত্রীর অভিযোগের নিষ্পত্তি করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

কাছাড় জেলা সড়ক সুরক্ষা কমিটির উদ্যোগে আজ থেকে মাসব্যাপী সড়ক সুরক্ষা সচেতনতা অভিযানের সূচনা হয়েছে । কাছাড় জেলা আয়ুক্ত তথা কাছাড় জেলা সড়ক সুরক্ষা কমিটির চেয়ারম্যান মৃদুল যাদব আজ জেলা আয়ুক্তের কার্যালয়ে মাসব্যাপী সড়ক সুরক্ষা সচেতনতা অভিযানের মোবাইল ট্যাবলোর শুভারম্ভ করেন । এই ট্যাবলোটি আগামী ৩১ শে আগস্ট পর্যন্ত জেলার সাতটি বিধানসভা কেন্দ্রের অধীন ১৫ টি উন্নয়ন খন্ডের বিভিন্ন বিদ্যালয় ,কলেজ ,সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান সহ সড়কে যাতায়াতকারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার পত্র ,সড়ক সঙ্গীত , বক্তব্যের মাধ্যমে সড়ক সুরক্ষা বিশেষ করে পঞ্চসূত্র মেনে চলার আবেদন জানানো হবে ।
মাসব্যাপী সড়ক সুরক্ষা অভিযানের আজ প্রথম দিন শহরের প্রধান প্রধান পয়েন্টে ট্যাবলোর মাধ্যমে সড়ক সুরক্ষা সচেতনতা বৃদ্ধির জন্য লিফলেট বিতরণ করা সহ ট্রাফিক আইন মেনে চলতে আবেদন জানানো হয় ।

---------------------------------------------------------------------------------

আসাম বিশ্ববিদ্যালয় এবং যোরহাটের টোকলাই চা গবেষণা কেন্দ্রের মধ্যে চা গবেষণার ওপর গুরুত্ব আরোপ করে যৌথভাবে কাজকর্মের জন্য এক চুক্তি স্বাক্ষরিত হয়েছে । আসাম বিশ্ব বিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক রাজীব মোহন পন্থের উপস্থিতিতে গতকাল টোকলাই চা গবেষণা কেন্দ্রের সঞ্চালক ড.ভেংকটেসন সেলভারজ এবং আসাম বিশ্ববিদ্যালয়ের পঞ্জীয়ক ড.প্রদোষ কিরণ নাথ এই চুক্তিতে স্বাক্ষর করেন । অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক রাজীব মোহন পন্থ বলেন চা গবেষণার ক্ষেত্রে এটি যুগান্তকারী পদক্ষেপ । এই চুক্তি গবেষণার পরিসর বৃদ্ধি করবে এবং চায়ের উৎপাদন ও মান বৃদ্ধিতে সহায়ক হবে বলেও তিনি উল্লেখ করেন । এই চুক্তি অনুযায়ী আসাম বিশ্ববিদ্যালয়ের গবেষকরা এখন টোকলাই চা গবেষণা কেন্দ্রের পরীক্ষাগারে কাজ করার সুযোগ লাভ করবেন । এছাড়া যৌথ গবেষণা ক্ষেত্রের সৃষ্টি হবে এবং জাতীয় শিক্ষা নীতির অধীনে চা সম্পর্কীত বিভিন্ন কার্যসূচী

ইন্টার্ণশিপ ,প্রশিক্ষণ ও দক্ষতা বিকাশের পাঠ্যক্রম আরম্ভ করা হবে । অন্যদিকে টোকলাইয়ের গবেষকদের নাম আসাম বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে পঞ্জীয়ন করা হবে ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার আত্ম-সহায়ক গোষ্ঠী , ক্ষুদ্র শিল্পপতি ও গ্রামীণ শিল্পীদের উৎপাদিত উদ্ভাবনী সামগ্রীসমূহের প্রদর্শন এবং বিক্রয়ের উদ্দেশ্যে আজ থেকে হাইলাকান্দি শহরের টাউন হলে আকাঙ্খা হাট নামের একটি বিশেষ প্রদর্শনী আরম্ভ হয়েছে । হাইলাকান্দির আয়ুক্ত অভিষেক জৈন আনুষ্ঠানিকভাবে এই কার্যসূচীর উদ্বোধন করেন । তিনি প্রদর্শনীতে অংশগ্রহণকারী ২৩ টি স্টল পরিদর্শন করে স্থানীয় ক্ষুদ্র শিল্পপতিদের প্রয়াসকে উৎসাহ প্রদান করে বলেন---

------বাইট------

অনুষ্ঠানে জেলা উন্নয়ন আয়ুক্ত ই এল ফাইরেন ,অতিরিক্ত আয়ুক্ত অমিত পারবোসা ,দীপমালা গোয়ালা প্রমূখ উপস্থিত ছিলেন ।

জেলা প্রশাসনের এসপিরেশন কার্যসূচীর অধীনে অনুষ্ঠিত এই প্রদর্শনী এবং বিক্রয়ের স্টলগুলি ৫ আগস্ট পর্যন্ত চলবে ।

---

শ্রীভূমি জেলার জাতীয় স্বাস্থ্য মিশনের উদ্যোগে আজ থেকে শ্রীভূমি জেলায় বিশ্ব স্তন্যপান সপ্তাহ পালন শুরু হয়েছে । এ উপলক্ষ্যে একটি সচেতনতা র‍্যালী শহরের বিভিন্ন সড়ক পরিক্রমা করে । মুখ্য চিকিৎসা ও স্বাস্থ্য আধিকারীক ডক্টর মতিন্দ্র সূত্রধর র‍্যালীর সূচনা করে বলেন যে জন্মের পর প্রথম ছয়মাস শুধুমাত্র মাতৃ দুগ্ধ পান শিশুর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ন । এটি শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে ,অপুষ্টি দূর করে এবং শিশু মৃত্যুর হার উল্লেখ্যযোগ্যভাবে হ্রাস করে । আগামী সাত দিন জেলার স্বাস্থ্য কেন্দ্রগুলিতে মা ও শিশুদের নিয়ে বৈঠক , পরামর্শদান , স্বাস্থ্য বার্তা প্রদান , মাতৃদুগ্ধ পানের উপকারিতা নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হবে । উল্লেখ্য প্রতি বছর পয়লা অগাষ্ট থেকে ৭ই আগষ্ট পর্য্যন্ত বিশ্ব স্তন্য পান সপ্তাহ পালন করা হয়ে থাকে ।

---------------------------------------------------------------------------------

ধলাই-র বেসরকারী ক্রীড়া-সাংস্কৃতিক ও সামজিক সংগঠন মাতৃভূমির উদ্যোগে আজ থেকে স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতা শুরু হয়েছে । আজকের উদ্বোধনী ম্যাচে রাজনগরের ব্রাইট স্টার ক্লাব ৩-১ গোলে মথুরাপুর এফ সি দলকে পরাজিত করে ।

আজকের উদ্বোধনী অনুষ্ঠানে বিজেপির কাছাড় জেলা কমিটির সভাপতি রূপম সাহা , বিধায়ক নীহার রঞ্জন দাস , জেলা সম্পাদক গোপাল কান্তি রায় , জেলা পরিষদ সদস্যা পম্পি নাথ চৌধুরী প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

অসম ক্রিকেট সংস্থা পরিচালিত আর জি বরুয়া অনুর্ধ-১৬ আন্ত জেলা টেষ্ট ক্রিকেট প্রতিযোগীতার লীগ ম্যাচে আজ লক্ষীপুর দল প্রথম ইনিংসের বেশী রান করে লীড নেওয়ার জন্য শ্রীভূমি জেলা দলের বিরুদ্ধে বিজয়ী হয়েছে । জেলা ক্রীড়া সংস্থার মাঠে আয়োজিত প্রতিযোগীতার প্রথম ইনিংসে শ্রীভূমি ৯৩ রান করতে সক্ষম হয় ।এখানে লক্ষীপুর দল প্রথম ইনিংসে ১০৮ রান করে এবং ১৫ রানে লীড করে । ম্যাচের দ্বিতীয় ইনিংসে শ্রীভূমি দল নয় উইকেটে ১১৭ রান সংগ্রহ করে ইনিংস ঘোষনা করে । ম্যাচে সরাসরি কোন ফলাফল বেরিয়ে না আসলেও , প্রথম ইনিংসের লীডের জন্য লক্ষীপুর দলকে বিজয়ী ঘোষনা করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------